

বাংলাদেশ, ভারত এবং পাকিস্তান বিচার বিভাগের তুলনামূলক চিত্র:

২০১৮ সালের এক হিসেবে দেখা যায় ৩৪ লাখ ৫৩ হাজার ৩৫৩টি বিচারার্থী মামলায় জর্জরিত বাংলাদেশের বিচার বিভাগ। আর নিম্ন আদালতে বিচারক সংখ্যা মাত্র ১হাজার ৭০০জন। বাংলাদেশের নিম্ন আদালতে চলছে তীব্র বিচারক সংকট। বাংলাদেশসহ ভারত এবং পাকিস্তান বিচার বিভাগের একই চিত্র। বাংলাদেশের বিচার বিভাগ পার্শ্ববর্তী দেশ ভারত এবং পাকিস্তানের তুলনায় অনেক পিছিয়ে।

যেখানে প্রতি ১০ লাখ জনসংখ্যার বিপরীতে কমপক্ষে ৫০ জন বিচারক প্রয়োজন হয়ে থাকে সেখানে বাংলাদেশে ১০ লাখ লোকের বিপরীতে বিচারক মাত্র ১০ জন। অপরদিকে ভারতে ১০ লাখে বিচারক ১৮ জন, পাকিস্তানে ২০ জন, অস্ট্রেলিয়ায় ৪১ জন, ইংল্যান্ডে ৫১ জন, কানাডায় ৭৫ জন এবং আমেরিকায় ১০৭ জন। নিম্নে বাংলাদেশ, ভারত এবং পাকিস্তান বিচার বিভাগের একটি তুলনামূলক চিত্র প্রদান করা হলো:

বিষয়	বাংলাদেশ	ভারত	পাকিস্তান
১. জনসংখ্যা	১৬কোটি ৭১লাখ	১৩৬কোটি ১১লাখ	২০কোটি ২৬লাখ
২. সূপ্রীমকোর্ট/আপীল বিভাগের বিচারক সংখ্যা	৭জন	২৭জন	১৯জন
৩. হাইকোর্টে বিচারক সংখ্যা	৯২জন	১হাজার ৭৯জন	১১৯জন
৪. নিম্ন আদালতে বিচারক সংখ্যা	১হাজার ৭০০জন	২০হাজার ২১৪জন	৪হাজার জন
৫. দশ লাখ লোকের বিপরীতে বিচারক সংখ্যা	১০জন	১৮জন	২০জন
৬. একজন বিচারকের বিপরীতে বিচারার্থী মামলার	২হাজার ১২৫টি	১হাজার ৩৫০টি	৪৫২টি
৭. একজন বিচারক বছরে মামলা নিষ্পত্তি করছেন	৭০০টি	৫১৬টি	-
৮. নিম্ন আদালতসহ অন্যান্য বিচারার্থী মামলা	২৯ লাখ ৩৮ হাজার ৪৪৫টি	২কোটি ৮৪লাখ	১৫লাখ ৩৭হাজার ৪০০টি
৯. হাইকোর্ট বিভাগের বিচারার্থী মামলা	৪লাখ ৯৫হাজার ৪১৫টি	৪৩লাখ	২লাখ ৯৩হাজার ৯৪৭টি
১০. সূপ্রীমকোর্ট/আপীল বিভাগের বিচারার্থী মামলা	১৯হাজার ৪৯৩টি	৫৭হাজার ৯৮৭টি	৩৮হাজার ৫৩৯টি
১১. দেওয়ানি বিচারার্থী মামলা	১৩লাখ ৯৭হাজার ৩৫৪টি	৮৪লাখ ৬৬হাজার ৫৪৫টি	-
১২. ফৌজদারি বিচারার্থী মামলা	১৯লাখ ৬৭হাজার ১৬৫টি	২কোটি ৭লাখ ৯২হাজার ২৭৬টি	-
১৩. অন্যান্য বিচারার্থী মামলা	৮৮হাজার ৮৩৪টি	৩৭লাখ ৪১হাজার ১৭৯টি	-
১৪. মোট বিচারার্থী মামলা	৩৪লাখ ৫৩হাজার ৩৫৩টি	৩কোটি ৩০লাখ	১৮লাখ ৬৯হাজার ৮৮৬টি

–Md. Mynuddin Islam.
mynu.bdlaw@yahoo.com

End of the Volume V [5 LM (Journal) 2018 ⁽²⁾]

The Law Messenger